গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর

রিফর্মস সেল

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের নৈতিকতা উপকমিটির মে-২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | লেঃ কর্নেল মোঃ রেজাউল করিম, পিএসসি<br>পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ১৮/০৫/২০২২ খ্রিঃ |
| সভার সময় | ১১.০০ ঘটিকা |
| স্থান | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা: পরিশিষ্ট 'ক'। |

অধিদপ্তরের নৈতিকতা উপকমিটির সদস্যবৃন্দদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। অত:পর ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে আলোচনা সাপেক্ষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃ | বিষয় | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | মূল্যায়নের নির্দেশনা বাস্তবায়ন | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের নৈতিকতা কমিটি কর্তৃক অধীনস্ত কার্যালয়সমূহের ত্রৈমাসিক প্রতিবেদনের বিভিন্ন কার্যক্রম মূল্যায়নের মন্তব্য কলামে উল্লিখিত নির্দেশনা বাস্তবায়ন, অধিদপ্তরের ন্যায় অধীনস্ত কার্যালয়সমূহের ত্রৈমাসিক প্রতিবেদনের ফিডব্যাক প্রদান, সম্পন্নকৃত কার্যক্রমের প্রমাণক সংরক্ষণ এবং যে সকল কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি সেগুলো গুণগত মান নিশ্চিতপূর্বক অর্জনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে; | বিভাগীয় ডিডি/ অধ্যক্ষ এডি/ডিএডি (সকল) |
| ২. | ওয়েবসাইট হালনাগাদকরণ | প্রত্যেক দপ্তরের সংশ্লিষ্ট ওয়েবসাইটের নির্ধারিত কন্টেন্টে ত্রৈমাসিক প্রতিবেদনসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন সংশ্লিষ্ট তথ্যাবলি নির্দিষ্ট সময়ের মধ্যে আপলোড এবং এতদ্‌বিষয়ে অব্যবহিত উর্ধ্বতন কার্যালয় নিয়মিত ভিজিটপূর্বক মনিটরিং নিশ্চিত করতে হবে; | বিভাগীয় ডিডি/ অধ্যক্ষ এডি/ ডিএডি (সকল) |
| ৩. | বিভিন্ন সভা আয়োজন ও সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন | সকল দপ্তরে নৈতিকতা কমিটির সভাসহ অন্যান্য সভা নিয়মিত আয়োজন করতে হবে এবং শুদ্ধাচার কর্মপরিকল্পনার বিভিন্ন কার্যক্রম আলোচনাপূর্বক গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে; | বিভাগীয় ডিডি/ অধ্যক্ষ এডি/ডিএডি (সকল) |
| ৪. | প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/ পরিবীক্ষণ | প্রকল্পভুক্ত স্টেশনগুলোর মনিটরিং কার্যক্রম বৃদ্ধিপূর্বক নির্মাণ কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্নকরণের নিমিত্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন এবং নিয়মিত পরিদর্শনপূর্বক সুপারিশসহ প্রতিবেদন মহাপরিচালক মহোদয়ের নিকট দাখিল করতে হবে। তাছাড়া প্রকল্পের বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পের ডিপিপিতে উল্লিখিত সময়ে PSC ও PIC সভা করতে হবে। প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট 'প্রকল্প পরিচালকের' প্রত্যয়ন-পত্র এবং PSC, PIC ও মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে অন্তর্ভুক্ত প্রদান করতে হবে; | প্রকল্প পরিচালকবৃন্দ ডিডি ও এডি (পরিকল্পনা কোষ) |

| | | | |
|---|---|---|---|
| ৫. | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অনুযায়ী বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ১০০% বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে উক্ত লক্ষ্যমাত্রা অর্জনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে; | প্রকল্প পরিচালকবৃন্দ, ডিডি ও এডি (পরিকল্পনা কোষ) |
| ৬ | মামলা নিষ্পত্তি | কর্মকর্তা- কর্মচারীগণের বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলাসমূহ যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক দ্রুততার সাথে নিষ্পত্তি করতে হবে; | উপপরিচালক (প্রশাঃ ও অর্থ) |
| ৭. | কর্ম-পরিবেশ উন্নয়ন | কর্ম-পরিবেশ উন্নয়ন ও বৈশ্বিক মহামারি করোনা পরিস্থিতি সফলভাবে মোকাবিলার জন্য স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ, পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ও টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। সকল ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিসের মেইন গেইটে আগত সেবাগ্রহিতাদের প্রবেশের ক্ষেত্রে কার্ড সিস্টেম আরো জোরদার করতে হবে; | ডিডি/এডি/ ডিএডি (সকল) |
| ৮. | শুদ্ধাচার পুরস্কার (২০২১-২০২২) প্রদান | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স শুদ্ধাচার পুরস্কার (২০২১-২০২২) প্রদানের লক্ষ্যে নির্দেশনা অনুযায়ী প্রত্যেককে আলাদাভাবে মূল্যায়ন করে মূল্যায়ন কপিসহ নির্ধারিত ছক মোতাবেক কর্মকর্তা/কর্মচারীর তথ্যাবলি ৩১/০৫/২০২২ তারিখের মধ্যে অধিদপ্তরে প্রেরণের জন্য সকল বিভাগীয় উপপরিচালকদের অনুরোধ জানাতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |

লেঃ কর্নেল মোঃ রেজাউল করিম, পিএসসি
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ৫৮.০৩.০০০০.০২০.৪১.০০১.২২.১৫৩

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪২৯
৩১ মে ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) পরিচালক (অপারেশন ও মেইনটেনেন্স)/ (পরিকল্পনা, উন্নয়ন ও প্রশিক্ষণ)/ (প্রকল্প-২৫, সংশোধিত-৪৬)/ (প্রকল্প-১৫৬)/ (সেফার প্রকল্প)/ (ডুবুরি ইউনিট সম্প্রসারণ প্রকল্প)/ (১১টি মডার্ন প্রকল্প), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

৩) উপপরিচালক (অপারেশন ও মেইনটেনেন্স)/ (উন্নয়ন)/ (পরিকল্পনা কোষ)/ (অ্যাম্বুলেন্স), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

৪) উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ/রংপুর বিভাগ।

৫) অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।

৬) সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ)/ (ওয়্যরহাউজ ও ফায়ার প্রিভেনশন)/ (ক্রয় ও স্টোর)/ (অপারেশন)/ (উন্নয়ন)/ (প্রশিক্ষণ)/ (পরিকল্পনা কোষ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

৭) সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স.......................................................................(সকল)।

৮) সহকারী রক্ষনাবেক্ষণ প্রকৌশলী (ভারপ্রাপ্ত), মেইন্টেনেন্স শাখা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

৯) সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা, [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।

১০) উপসহকারী পরিচালক (রিফর্ম সেল), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

১১) উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স..............................................................(সকল)।

১২) ভারপ্রাপ্ত কর্মকর্তা, মিডিয়া সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

১৩) ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

১৪) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের জন্য)।

১৫) সহকারী যোগাযোগ প্রকৌশলী , কেন্দ্রীয় বেতার শাখা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

১৬) ভারপ্রাপ্ত কর্মকর্তা (লিগ্যাল এন্ড এস্টেট সেল), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

১৭) ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফায়ার সেফটি সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

মোঃ ওহিদুল ইসলাম
উপ-পরিচালক